**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-২২/২০২৫ জে, তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ২০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **পারিবারিক আদালতে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে মামলা দায়ের, নথি জমা ও শুনানি কার্যক্রম চালু সংক্রান্তে অনুসরণীয় 'প্র্যাকটিস নির্দেশনা' প্রসঙ্গে।**

আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (২০২০ সনের ১১ নং আইন) এর ০৫ ধারার ক্ষমতাবলে বাংলাদেশের প্রধান বিচারপতি নিম্নরূপ 'প্র্যাকটিস নির্দেশনা' জারি করলেন:

**১. অধিক্ষেত্র:**

১.১. ঢাকা জেলাধীন পারিবারিক আদালত-৫ এর আওতাধীন মোহাম্মদপুর, কলাবাগান, ধানমন্ডি ও আদাবর এলাকা;

১.২. চট্টগ্রাম জেলাধীন পারিবারিক আদালত-১ এর আওতাধীন কোতয়ালী, সদরঘাট, চকবাজার ও কর্ণফুলী এলাকা;

১.৩. ঢাকা জেলাধীন পারিবারিক আপিল আদালত-৩ এর আওতাধীন পারিবারিক আদলত-৫, ঢাকা-এর বিচারাধীন ও নিস্পত্তিকৃত মোকদ্দমা; এবং

১.৪ চট্টগ্রাম জেলাধীন পারিবারিক আপিল আদালত এর আওতাধীন পারিবারিক আদলত-১, চট্টগ্রাম-এর বিচারাধীন ও নিস্পত্তিকৃত মোকদ্দমা।

**২. অনুসরণীয় নির্দেশনা:**

২.১. উপরিউক্ত ১.১ ও ১.২ অধিক্ষেত্রভুক্ত আদালতসমূহে যথাক্রমে আগামী ২৪ নভেম্বর ২০২৫ খ্রি. ও ৩০ নভেম্বর ২০২৫ খ্রি. থেকে পারিবারিক মোকদ্দমা এবং উপরিউক্ত ১.৩ ও ১.৪ অধিক্ষেতভুক্ত পারিবারিক আপিল আদালতসমূহে আগামী ০১ মার্চ ২০২৬ খ্রি. থেকে ১.১ ও ১.২ অধিক্ষেত্রভুক্ত আদালতসমূহ থেকে উদ্ভূত পারিবারিক আপিল মোকদ্দমা দায়ের, মোকদ্দমা সংক্রান্ত কাগজাদি, অ্যাফিডেভিট, কোর্ট ফি ও মোকদ্দমা সংক্রান্ত অন্যান্য আর্থিক লেনদেন, হাজিরা ও সকল ধরনের দরখাস্তসমূহ দায়ের সাপেক্ষে শুধুমাত্র উক্ত অধিক্ষেত্রভুক্ত মোকদ্দমার ক্ষেত্রে ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে দাখিল ও পরিচালনা করতে হবে। তবে বিচারক চাইলে মোকদ্দমার যে-কোনো পর্যায়ে সঠিক সিদ্ধান্তে উপনীত হতে প্রয়োজনীয় দলিলাদির মূলকপি আদালতে দাখিলের নির্দেশ দিতে পারবে। এ বিষয়ে আদালতের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। সকল শুনানি ভার্চুয়াল উপস্থিতি বা শারীরিক উপস্থিতি বা উভয় মাধ্যমে পরিচালনা করা যাবে।

উল্লেখ্য যে, ১.১ ও ১.২ অধিভুক্ত পারিবারিক আদালতসমূহ ব্যতীত ১.৩ ও ১.৪ অধিভুক্ত পারিবারিক আপিল আদালতসমূহের এখতিয়ারাধীন অন্যান্য পারিবারিক আদালতসমূহ থেকে উদ্ভূত আপিল দায়ের, শুনানি ও নিস্পত্তির ক্ষেত্রে অত্র প্র্যাকটিস নির্দেশনা প্রযোজ্য হবে না।

২.২. উপরিউক্ত আদালতসমূহে পারিবারিক মোকদ্দমা ও পারিবারিক আপিল মোকদ্দমাসমূহের কার্যক্রম শুধু https://efamilycourt.judiciary.gov.bd পোর্টালে পরিচালনা করতে হবে।

২.৩. উপরিউক্ত আদালতসমূহে বিচারক, আইনজীবী, পক্ষগণ ও সাক্ষীর স্বাক্ষর/টিপসহিসমূহ স্ক্যানপূর্বক যথাযথ স্থানে আপলোড করতে হবে। এছাড়া পক্ষগণের প্রতি সকল ধরনের প্রসেস

(সমন/নোটিশ/ওয়ারেন্ট অফ অ্যারেস্ট/লেভি ওয়ারেন্ট) ডিজিটাল ও অফলাইন উভয় মাধ্যমে ইস্যু করা যাবে।

২.৪. ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সাক্ষ্য গ্রহণ ও শুনানি পরিচালনা সংক্রান্ত নির্দেশনা যা অত্র কোর্ট থেকে গত ১৪ মে ২০২৫ খ্রি. তারিখে জারিকৃত বিজ্ঞপ্তি নং ১৫/২০২৫ যতদূর সম্ভব অনুসরণ করতে হবে। এছাড়া আদালতের রায় ও আদেশ অনলাইনে প্রকাশের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিগত ১৭ নভেম্বর ২০২২ খ্রি. তারিখের "অধস্তন আদালতের রায় ও আদেশের অনুলিপি অনলাইনে প্রকাশ সংক্রান্ত নির্দেশনা"র প্রযোজ্য অংশটুকু অনুসরণ করতে হবে।

২.৫. উক্ত পোর্টালে মোকদ্দমার পক্ষগণকে সশরীরে আদালতে হাজির হয়ে অ্যাফিডেভিট সম্পাদনের আবশ্যকতা থাকবে না। ডিজিটাল প্ল্যাটফর্মে পক্ষগণের নির্দেশে প্রস্তুতকৃত অ্যাফিডেভিট আইনানুগ হিসেবে পরিগণিত হবে।

২.৬. আরো উল্লেখ্য যে, উক্ত পোর্টালের ই-অনুলিপি সেবার মাধ্যমে প্রস্তুতকৃত QR কোড সম্বলিত এবং যাচাইকৃত রায়/ ডিক্রি/ আদেশ বা মোকদ্দমার নথির অংশ প্রত্যয়িত অনুলিপি(Certified Copy) হিসেবে গণ্য হবে এবং উক্তরুপ অনুলিপি সকল আদালতে বা প্রতিষ্ঠানে সাক্ষ্য হিসেবে ব্যবহার করা যাবে। এছাড়া, পোর্টাল থেকে ডাউনলোডকৃত রায়/ ডিক্রি/ আদেশ বা মোকদ্দমার নথির যে-কোনো অংশ যেমনঃ আদেশনামা, সাক্ষীদের সাক্ষ্য, প্রদর্শনীচিহ্নিত দলিল, সমন জারির প্রতিবেদন, ইত্যাদি পক্ষসমূহ নিজ সংরক্ষণে রাখতে পারবে।

২.৭. উক্ত পোর্টাল ব্যবহারকারী আদালতসমূহ দাপ্তরিক প্রয়োজনে নিমোক্ত তালিকায় উল্লেখিত ইমেইল ব্যবহার করবে।

| আদালত | ইমেইল |
|---|---|
| পারিবারিক আপিল আদালত-৩, ঢাকা | familyappealcourt03.dhaka@judiciary.gov.bd |
| পারিবারিক আপিল আদালত, চট্টগ্রাম | familyappealcourt01.chattogram@judiciary.gov.bd |
| পারিবারিক আদালত-৫, ঢাকা | familycourt05.dhaka@judiciary.gov.bd |
| পারিবারিক আদালত-১, চট্টগ্রাম | familycourt01.chattogram@judiciary.gov.bd |

২.৮. অত্র পোর্টালে কেউ সিস্টেমে নিরাপত্তা সংক্রান্ত কোনো অপরাধ করলে বাংলাদেশে প্রচলিত আইন অনুযায়ী তার বিচার করা যাবে।

২.৯. প্রাকৃতিক দূর্যোগের কারণে অথবা অন্য কোনো জরুরি পরিস্থিতিতে অনলাইন সিস্টেম কাজ না করলে সেক্ষেত্রে সাময়িক সময়ের জন্য অফলাইনে উপরিউক্ত সকল কার্যক্রম পরিচালনা করা যাবে।

৩. বাংলাদেশের প্রধান বিচারপতি কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই নির্দেশনা কার্যকর থাকবে।

২০.১১.২০২৫

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ০২-২২৩৩৮২৭৮৫
ই-মেইলঃ rg@ supremecourt.gov.bd